গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয় ঢাকা সেনানিবাস
শিক্ষা শাখা
www.dmlc.gov.bd

স্মারক নং-২৩.২২.০০০০.০০০.০১৮.১১.২২৪.২৬-৫৪১

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন ক্যান্টনমেন্ট বোর্ডসমূহ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। বোর্ডসমূহে ও তাদের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://job.shmrmi.gov.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ক. | সহকারী প্রকৌশলী (সিভিল) | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল)-এ ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতক ডিগ্রিধারী হতে হবে। |

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| খ. | প্রভাষক:<br>১. বাংলা-০২টি পদ<br>২. পদার্থবিজ্ঞান-০১টি পদ<br>৩. রসায়ন-০২টি পদ<br>৪. জীববিজ্ঞান-০১টি পদ<br>৫. গণিত-০১টি পদ<br>৬. অর্থনীতি-০১টি পদ<br>৭. পৌরনীতি ও সুশাসন-০১টি পদ<br>৮. সমাজবিজ্ঞান-০১টি পদ<br>৯. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-০১টি পদ<br>১০. মনোবিজ্ঞান-০১টি পদ | ১২টি | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণি/২.২৫ সিজিপিএসহ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| গ. | প্রদর্শক (জীববিজ্ঞান) | ০১টি | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উদ্ভিদ/প্রাণী বিজ্ঞানে ২.২৫ সিজিপিএসহ স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান থাকতে হবে। |
| ঘ. | সহকারী শিক্ষক (বাংলা) | ০৬টি | বিএড প্রশিক্ষণপ্রাপ্ত ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০<br>বিএড প্রশিক্ষণ বিহীন ১২,৫০০-৩০,২৩০/- গ্রেড-১১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি অথবা বাংলায় স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে ০১টির বেশি ২.৫ জিপিএ বা ২.২৫সিজিপিএ এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| ঙ. | জুনিয়র শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা) | ০৫টি | ১২,৫০০-৩০,২৩০/- গ্রেড-১১ | ফাজিল/সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১টির বেশি ২.৫ জিপিএ বা ২.২৫সিজিপিএ এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| চ. | জুনিয়র শিক্ষক (চারু ও কারুকলা) | ০১টি | | ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ ব্যাচেলর অব ফাইন আর্টস বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ছ. | জুনিয়র শিক্ষক | ৬০টি | | ন্যূনতম ২.৫ সিজিপিএসহ স্নাতক ডিগ্রি থাকতে হবে।<br>সমগ্র শিক্ষা জীবনে ০১টির বেশি ২.৫ জিপিএ বা ২.২৫সিজিপিএ এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| | মোট = | ৮৬টি | | |

১। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ওয়েবসাইট www.dmlc.gov.bd এবং সহমর্মীর জবপোর্টাল https://job.shmrmi.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে সহমর্মীর জব পোর্টাল https://job.shmrmi.gov.bd ওয়েবসাইটে এর মাধ্যমে ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও এ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

২। উল্লেখ্য, আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৯ জুলাই ২০২৬ সকাল ০৯.০০ ঘটিকা এবং আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ আগস্ট ২০২৬ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের নিয়োগ বিজ্ঞপ্তি এর QR Code

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সহমর্মীর জব পোর্টালে প্রবেশের QR Code

স্বাক্ষরিত/-
মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।